সমকাল

তারিখ 24.OCT.2016
পৃষ্ঠা ১৩ কলাম ৩

# 'ফরিদ-শিরিন ট্রাস্ট বৃত্তি' পেলেন ঢাবির ৩ শিক্ষার্থী

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কলা অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের তিন শিক্ষার্থী 'ফরিদ-শিরিন ট্রাস্ট ফান্ড বৃত্তি' পেয়েছেন। গতকাল রোববার নিজ কার্যালয়ে ঢাবি উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ওই মেধাবী শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। তারা হলেন– শিবনাথ কুমার সরকার (পালি অ্যান্ড বুড্ডিস্ট স্টাডিজ), লিজা আক্তার লিপি (ইসলামিক স্টাডিজ) ও লিমা পাল (তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা)।

বৃত্তি প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। এতে উপস্থিত ছিলেন কলা অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. বেগম আকতার কামাল, ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ আবদুর রশীদ, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ মেজবাহ্-উল-ইসলাম, পালি ও বুড্ডিস্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. বিমান চন্দ্র বড়ুয়া, সঙ্গীত বিভাগের চেয়ারপারসন ড. মহসিনা আক্তার খানম, ট্রাস্ট ফান্ডের দাতা মো. ফরিদ মিয়া, শিরিন ফরিদ, সময় টেলিভিশনের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা আহমেদ জোবায়ের, ঢাবির ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান প্রমুখ। উপাচার্য ড. আরেফিন সিদ্দিক সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে নৈতিক মূল্যবোধে উদ্বুদ্ধ হতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।